গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

# সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মো: এহছানুল হক
সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২৫
সময় : বেলা: ১১.৩০ ঘটিকা
স্থান : এ বিভাগের সভাকক্ষ
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>২৬ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, ৪৪তম বিসিএস এর মাধ্যমে সরাসরি নিয়োগযোগ্য সহকারী প্রকৌশলী (সিভিল) এর ২৯টি পদের স্থলে সংশোধিত চাহিদা অনুযায়ী (২৯+২৯)=৫৮টি পদ পূরণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা, ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠিয়ে দেয়া হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক অর্গানোগ্রাম হতে বাদ দেয়া পদসমূহ পুনরায় সৃজনের জন্য পুন:প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উপসহকারী প্রকৌশলী (সিভিল) এর ৮১টি পদে নিয়োগের লক্ষ্যে পিএসসি কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়া, ১৫-২০তম বিভিন্ন গ্রেডের ১৮৮টি পদের ছাড়পত্র চেয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিআরটিএ'র প্রতিনিধি জানান, সহকারী পরিচালক এর ২৬টি শূন্যপদ পূরণের লক্ষ্যে বিপিএসসি কর্তৃক লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। মৌখিক পরীক্ষা চলমান। সহকারী রাজস্ব পদে পদোন্নতির জন্য ৫ জনের প্রস্তাব ইতামধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, পরিচালক ও উপপরিচালকের পদ খালি রয়েছে যা প্রেষণের মাধ্যমে পূরণযোগ্য। পরিচালক ও উপপরিচালক পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য মন্ত্রণালয় হতে দ্রুত চাহিদা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ডিটিসিএ ও ডিএমটিসিএল'র প্রতিনিধি জানান, নিয়োগযোগ্য পদে জনবল নিয়োগের কার্যক্রম চলমান আছে। | (ক) দপ্তর/সংস্থায় সকল গ্রেডের শূন্যপদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের অগ্রগতি সুনির্দিষ্ট তথ্যসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) পদোন্নতি যোগ্যদের প্রস্তাব যথাসময়ে দপ্তর/সংস্থা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) সওজ অধিদপ্তরের অর্গানোগ্রাম হতে বাদ দেয়া পদসমূহ পুনরায় সৃজনের জন্য পুন:প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে এবং ১৫-২০তম বিভিন্ন গ্রেডের ১৮৮টি পদে নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা হতে ছাড়পত্র প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিআরটিএ'র পরিচালক ও উপপরিচালক পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য মন্ত্রণালয় হতে দ্রুত চাহিদা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি) /উপসচিব (সওজ সংস্থাপন ১ ও ২)/ (ডিটিসিএ)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৩. | **অডিট আপত্তির বিবরণী:**<br>সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়: | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭২৪৭ | ১১৩২ | ৫৫১৭ | ৫৯৮ | - | ৭২৪৭ | ২১ | ৭২২৬ |
| বিআরটিসি | ১২১০ | ২১৪ | ৮৯৬ | ১০০ | ০ | ১২১০ | ০ | ১২১০ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫১ | ২৪৩ | ০ | ০ | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ৩৭ | ১৬ | ২১ | ০ | ০ | ৩৭ | ০ | ৩৭ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ডিএমটিসিএল | ১১৮ | ৩৪ | ৮৪ | ০ | ০ | ১১৮ | ৪ | ১১৪ |
| ঢাকা বিআরটি | ০৬ | ৩ | ৩ | ০ | ০ | ৬ | ০ | ০৬ |
| মোট | ৯০১৫ | ১৫৫১ | ৬৭৬৬ | ৬৯৮ | ০ | ৯০১৫ | ২১ | ৮৯৯০ |

**জুলাই'২৫ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৯০১৫টি। আগস্ট'২৫ মাসে ২১টি অডিট আপত্তি নিষ্পত্তি হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৯৯০টি।**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অডিট আপত্তির সংখ্যা কমিয়ে আনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে অতিরিক্ত সচিব (বাজেট) জানান সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে ২১.০৯.২০২৫ তারিখে সড়ক ভবনে সভা অনুষ্ঠিত হয়েছে। মাঠ পর্যায়ের সড়ক বিভাগগুলো অডিট অধিদপ্তরের সাথে সমন্বয় করে Reconciliation কাজ করছে। ইতোমধ্যে কয়েকটি সড়ক বিভাগ Reconciliation এর কাজ সম্পন্ন করছেন। অডিট অপত্তির সংখ্যা কমিয়ে আনার লক্ষ্যে সকল দপ্তর/সংস্থাকে অডিট অধিদপ্তরের সাথে বসে Reconciliation করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। ব্রডশীট জবাব প্রস্তুত, প্রমাণক যুক্তকরণ, চাহিত তথ্য প্রেরণ বিষয়ে অতিরিক্ত সচিব (বাজেট) এর সাথে মাসে অন্তত ৪ বার সাক্ষাত ও আলোচনা করার জন্য সওজ অধিদপ্তরের পরিচালক (অডিট)-কে সভাপতি পরামর্শ প্রদান করেন। এছাড়া, দপ্তর/সংস্থায় অডিট সেকশনে পর্যাপ্ত জনবল ও দক্ষ কর্মকর্তা পদায়নের উপর গুরুত্বারোপ করেন। বিআরটিসি হতে প্রাপ্ত ব্রডশীট জবাব যাচাই-বাছাই করে যেগুলো অডিট অধিদপ্তরে প্রেরণ উপযোগী সেগুলো দ্রুত পাঠিয়ে দেয়ার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। ডিএমটিসিএল'র প্রতিনিধি জানান, মেট্রোরেল লাইন নির্মাণকালীন ইউটিলিটি শিফটিং বাবদ ঢাকা সিটি কর্পোরেশনকে অর্থ প্রদান করা হয়েছে। কিন্তু সিটি কর্পোরেশন কোনো বিল ভাউচার না দেওয়ায় অডিট আপত্তি হয়েছে। এ বিষয়ে সিটি কর্পোরেশনের সাথে পত্র যোগাযোগ করা হলেও কোনো ভাউচার ও জবাব পাওয়া যায়নি। এ বিষয়ে সিটি কর্পোরেশনের সাথে পুনরায় যোগাযোগ এবং পত্রযোগাযোগের বিষয়টি প্রমানক হিসেবে জবাবের সাথে যুক্ত করে অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য ডিএমটিসিএল'র প্রতিনিধিকে সভায় পরামর্শ প্রদান করা হয়। একইসাথে, ঢাকা বিআরটি প্রকল্পের অডিট আপত্তিসমূহ ও ডিএমটিসিএল এর অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) সকল দপ্তর/সংস্থাকে অডিট অধিদপ্তরের সাথে বসে অডিট আপত্তির সংখ্যা Reconcilation করতে হবে।<br>(২) ব্রডশীট জবাব প্রস্তুত, প্রমাণক যুক্তকরণ, চাহিত তথ্য প্রেরণ বিষয়ে সওজ অধিদপ্তরকে অতিরিক্ত সচিব (বাজেট) এর সাথে মাসে অন্তত ৪ বার সাক্ষাত ও আলোচনা করতে হবে।<br>(৩) অডিট সেকশনে পর্যাপ্ত জনবল ও দক্ষ কর্মকর্তা পদায়ন দিতে হবে।<br>(৪) বিআরটিসি হতে প্রাপ্ত ব্রডশীট জবাব যাচাই-বাছাই করে প্রেরণ উপযোগী জবাব দ্রুত অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>(৫) মেট্রোরেল নির্মাণে ইউটিলিটি শিফটিং বাবদ ঢাকা সিটি কর্পোরেশনকে প্রদানকৃত অর্থের বিল ভাউচার সংগ্রহের জন্য পুনরায় পত্রযোগাযোগ করতে হবে এবং পত্রযোগাযোগের বিষয়টি প্রমাণক হিসেবে জবাবের সাথে যুক্ত করে অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>(৬) ঢাকা বিআরটি প্রকল্প ও ডিএমটিসিএল এর অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট) |
| ৪. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:**<br>এডিপি ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত One RHD নামক, সফটওয়্যারের উপর সওজ অধদিপ্তরের পক্ষ হতে একটি Powerpoint উপস্থাপনা করা হয়। Powerpoint এর মাধ্যমে সফটওয়্যারের বিভিন্ন বিষয়ে ধারণা দেয়া হয়। সভায় উপস্থিত অনেকেই এ বিষয়ে বিভিন্ন প্রশ্ন করেন এবং নতুন ধারণা সংযোজনের পরামর্শ প্রদান করেন। | সভার পরামর্শ অনুযায়ী সফটওয়্যারে নতুন ধারণা সংযোজন করে আপডেট করতে হবে। এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **খ. বৃক্ষরোপন:**<br>প্রধান বৃক্ষপালনবিদ জানান, রোপিত গাছ নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার কাজ চলমান আছে। জুন-সেপ্টেম্বর ২০২৫ সময়ে সারা দেশে কোন কোন সড়কে, কি কি প্রজাতির এবং কতগুলো গাছ লাগানো হয়েছে তার পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপনের জন্য প্রধান বৃক্ষপালনবিদকে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | (ক) রোপিত গাছের নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার কাজ চলমান রাখতে হবে।<br>(খ) জুন-সেপ্টেম্বর ২০২৫ সময়ে সারা দেশে কোন কোন সড়কে, কি কি প্রজাতির এবং কতগুলো গাছ লাগানো হয়েছে তার পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ /প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর |



CamScanner

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>গ. টোল আদায়:<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, টোল ও এক্সেল শাখা হতে জানানো হয়েছে, ৯টি বন্ধ টোলপ্লাজা চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বরাবর গত ২৪.০৮.২০২৫ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>৯টি বন্ধ টোলপ্লাজাসমূহ চালু করতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল)</td></tr>
<tr><td>ঘ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:<br>(১) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। ৬৫টি সড়ক বিভাগ থেকে প্রাপ্ত জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া গিয়েছে। নামজারির ক্ষেত্রে বেশকিছু সমস্যা চিহ্নিত করা হয়েছে। তালিকা ও গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে তিনি মন্ত্রণালয় হতে সংশ্লিষ্টদের নিয়ে সভা আয়োজনের অনুরোধ জানান।</td><td>(১)(ক) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।<br>(১) (খ) যেগুলোর নাম জারির ক্ষেত্রে সমস্যা রয়েছে সেগুলোর বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ সংশ্লিষ্টদের নিয়ে সভা আয়োজন করতে হবে।</td><td rowspan="2">অতিরিক্ত সচিব (এস্টেট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td>(২) সম্পত্তি শাখা হতে জানানো হয়েছে, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা এর নিকট হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের চাহিদা অনুযায়ী দাবীকৃত ২০২৪-২০২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর জেলা/উপজেলা ভিত্তিক BreakUp প্রেরণের জন্য ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান এবং প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, চেয়ারম্যান, বিআরটিসি ও চেয়ারম্যান, বিআরটিএকে গত ২৬.০৫.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে। অদ্যাবধি কোনো তথ্য পাওয়া যায়নি। যোগাযোগ অব্যাহত আছে।<br><br>(৩) চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি'র ১০টি ইউনিট/ডিপো ৬,০২,৮৪৪/- (ছয় লক্ষ দুই হাজার আটশত চুয়াল্লিশ) টাকা ভূমি কর পরিশোধ করা হয়েছে। মতিঝিল বাস ডিপো, চট্টগ্রাম বাস ডিপো এবং পাবনা বাস ডিপোর ভূমি কর পুন:নির্ধারনের জন্য স্থানীয় ভূমি অফিসে আবেদন করা হয়েছে। উক্ত আবেদনের প্রেক্ষিতে ভূমি কর নির্ধারিত হলে তা দ্রুত পরিশোধ করা হবে।</td><td>(২) সকল দপ্তর/সংস্থাকে বকেয়া ভূমি কর পরিশোধের বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে এ বিভাগ হতে দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করতে হবে।<br><br>(৩) বিআরটিসি'র ভূমিকর পরিশোধের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td></tr>
<tr><td>ঙ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য Smart Case Management System-এ আপলোড করা হচ্ছে। আগস্ট ২০২৫ পর্যন্ত হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৫৫১</td><td>১৫</td><td>৫৬৬</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>৩০৬</td><td>০১</td><td>৩০৭</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১৬</td><td>৯</td><td>২৫</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td>০৬</td><td>ঢাকা বিআরটি</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৮৮০</td><td>২৬</td><td>৯১২</td></tr>
</table></td><td>মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td>চ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল.নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধের জন্য ২৭৬/২২নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৩১.৩০.২৬০৮.০০১.০৪. ২৪৯/১৮.২০২৩-৭৩১(সং) তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর মূল কপি প্রেরণ করা হলে জেলা প্রশাসক, ঢাকা নালিশী ভূমি আরএস-৮ নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ ও সিটি জরিপে ৩নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে সড়ক ও জনপথ বিভাগ এর নামে রেকর্ডভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রতিনিধির উপস্থিতিতে শুনানি গ্রহণপূর্বক গৃহীত সিদ্ধান্ত ও সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকাকে ১৮ আগস্ট ২০২৫ তারিখে পত্র প্রেরণ করেন।</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল.নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল এর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td>ছ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ (দুই) একর জায়গা সিটি জরিপে জনৈক রেজাউল করিমের নামে করানো হয়। উক্ত জায়গা উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করা হয়েছে।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারে আইনি প্রচেষ্টা</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বিজ্ঞ প্যানেল আইনজীবীর মাধ্যমে শীঘ্রই আপীল দায়ের করা হবে। | অব্যাহত রাখতে হবে এবং এ বিষয়ে দ্রুত আপীল দায়ের করতে হবে। | কার্যালয়/ঢাকা জোন) |
| | **জ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে, ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং-৫৭৬৭/২০০১ এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিষ্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং-১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিষ্পত্তি হওয়ার পূর্বে Status-quo বজায় রাখার জন্য বলা হলে আদেশটি Vacate করণের লক্ষ্যে রিট নং-৩৯৬২/২০০২ এর আপীল ৩২৭৩/২০২৫ এবং রিট নং-৫৭৬৭/২০০১ এর আপীল ৩২৭২/২০২৫ দায়ের করা হয়েছে। | কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে আইনী কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন) |
| | **ঝ. মাদরীপুরে সওজ অধিদপ্তর অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনা**<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, মাদারীপুর সদয় উপজেলাধীন ১২৩ নম্বর কুকরাইল মৌজার ১১১/৬১-৬২ নম্বর এলএ কেসের মাধ্যমে ১০.২৩ একর ভূমি ইট ভাটার জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক অধিগ্রহণ করা হয়। পরবর্তীতে সরকারি সিদ্ধান্ত মোতাবেক সওজ হতে ইট ভাটার কার্যক্রম বন্ধ হয়ে গেলে মাদারীপুর জেলা ''অধিগ্রহণকৃত অব্যবহৃত ভূমি ব্যবস্থাপনা কমিটি'' কর্তৃক ১৫ জুন ১৯৯৩ তারিখে অনুষ্ঠিত সভায় উক্ত ১০.২৩ এর ভূমি পুনঃ অধিগ্রহণ করতঃ উহার মধ্য হতে ৭.২৩ একর ভূমি মাদারীপুর সড়ক বিভাগের জন্য এবং ৩.০০ একর ভূমি অন্যান্য সরকারি অফিসের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সে সিদ্ধান্ত মোতাবেক উক্ত ৭.২৩ একর ভূমির সীমানা নির্ধারণ পূর্বক ১৯৯৩ সালে সওজ কর্তৃক সীমানা প্রাচীর নির্মাণ করা হয়। বর্তমানে উক্ত সীমানা প্রাচীরের মধ্যে মাদারীপুর সড়ক বিভাগাধীন ও উপ-বিভাগীয় অফিস, কর্মকর্তা ও কর্মচারীদের বাসভবন, স্ট্যাক ইয়ার্ড, ল্যাবরেটরি, গ্যারেজ, পুকুরসহ অন্যান্য স্থাপনা রয়েছে। কিন্তু জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক (১৫ জুন ১৯৯৩ তারিখে অনুষ্ঠিত মাদারীপুর জেলার অধিগৃহণকৃত অব্যবহৃত ভূমি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত উল্লেখ করতঃ) উক্ত অধিগ্রহণকৃত ১০.২৩ একর ভূমি মিস কেস নং-৩/২০০৪-২০০৫ এর মাধ্যমে পুনঃগ্রহণক্রমে খাস খতিয়ানে আনয়ন করা হয়েছে। পরবর্তীতে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের গত ০৮ সেপ্টেম্বর ২০২১ পত্রের প্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে ৩১ মে ২০২১ তা বাতিল করার জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র দেয়া হয়েছে। রিজিউম বাতিলের জন্য পুনরায় ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | মাদারীপুর জেলায় সওজ অধিদপ্তরের অফিসের জায়গার মালিকানা ফিরিয়ে আনতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং রিজিউম বাতিলের জন্য মন্ত্রণালয় হতে পুনরায় ভূমি মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন) |
| | **ঞ. অবৈধ স্থাপনা অপসারণ:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, সারাদেশে অবৈধ স্থাপনা অপসারণে অভিযান পরিচালনা করা হচ্ছে। অবৈধ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত এবং উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সড়ক বিভাগকে বুঝিয়ে দেয়া হচ্ছে। | (১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিক বুঝে নিতে হবে এবং দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ট. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে থিমেটিক গ্রুপের মতামত পাওয়া গেছে। সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, আর্থিক প্রতিষ্ঠানসমূহকে যুক্ত করার লক্ষ্যে খসড়া MoU এ বিভাগে প্রেরণ করা হয়েছে। MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার লক্ষ্যে খসড়া MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **ঠ. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫**<br>উপসচিব (রক্ষণাবেক্ষণ) জানান, সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়ার উপর গত ০৪.০৯.২০২৫ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। নীতিমালাটি আধিকতর পর্যালোচনার জন্য জনাব নিখীল কুমার দাস, অতিরিক্ত সচিব (এস্টেট)-কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ পর্যালোচনা করে কমিটিকে দ্রুত রিপোর্ট প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত গত ২২ আগস্ট ২০২৫ তারিখে দৈনিক যুগান্তর, বাংলাদেশ প্রতিদিন , ও NEWAGE পত্রিকায় দরপত্র আহব্বান করা হয়। সে | ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম তরান্বিত করতে হবে | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>অনুযায়ী টেন্ডার ডকুমেন্ট বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে এবং গত ০৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে Prebid মিটিং করা হয়েছে। বিবেচ্য মাসে জরুরী ভিত্তিতে পেশাদার ১০৯৬ ও অপেশাদার ৬৫৯ টি ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট করা হয়েছে। জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রয়েছে।</td><td>এবং জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>সি.সি এনালিস্ট</td></tr>
<tr><td></td><td>খ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বিশ্ব ব্যাংকের অর্থায়নে Bangladesh Clean Air Project (BCAP) এর আওতায় ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের ডিপিপি ও জনবল কাঠামোর প্রস্তাব সংশোধন বিষয়ে গত ২১.০৭.২০২৫ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।</td><td>পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের সংশোধিত ডিপিপি ও জনবল কাঠামোর প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>চেয়ারম্যান, (বিআরটিএ)<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর</td></tr>
<tr><td></td><td>গ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:<br>(১) নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। আগস্ট ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:<br><table><tr><th>দুর্ঘটনার সংখ্যা</th><th>নিহতের সংখ্যা</th><th>আহতের সংখ্যা</th></tr><tr><td>৪১৭টি</td><td>৪১৮</td><td>৪৭৮</td></tr></table>(২) (ক) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া, ২০২৫-২০২৬ অর্থবছরে (জুলাই-আগস্ট) মাসে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় ১,৩৬,৪০০টি লিফলেট ও ৭০,১২৫টি পোস্টার/ স্টিকার বিতরণ করা হয়েছে।<br>(খ) সড়ক নিরাপত্তা আইন-২০২৫ খসড়া সাব কমিটি কর্তৃক প্রণয়নকৃত খসড়া আইনটি চূড়ান্তকরণের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের সভাপতিত্বে গত ১৮.০৮.২০২৫ তারিখে ১ম সভা অনুষ্ঠিত হয়েছে।</td><td>(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) সড়ক নিরাপত্তা আইনের খসড়া দ্রুত চূড়ান্ত করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব (এস্টেট)/ যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)</td></tr>
<tr><td></td><td>ঘ. লাইসেন্স প্রদানকালীন ড্রাইভিং টেস্ট গ্রহণ:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, ইতোপূর্বে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিআরটিএ'র বিভিন্ন সার্কেল ও অফিসে নিজস্ব সুবিধা না থাকায় বিআরটিসি'র প্রশিক্ষণকার ও ভেন্যু ব্যবহার করে দীর্ঘদিন যাবৎ লাইসেন্স প্রদানকালীন ড্রাইভিং টেস্ট গ্রহণ করা হচ্ছে। বিআরটিএকে এ সুবিধা প্রদানের ক্ষেত্রে দুই প্রতিষ্ঠানর মধ্যে একটি MoU থাকা প্রয়োজন।</td><td>বিআরটিসি'র প্রশিক্ষণকার ও ভেন্যু ব্যবহারের ক্ষেত্রে বিআরটিএ ও বিআরটিসি'র মধ্যে MoU করা যেতে পারে।</td><td>চেয়ারম্যান, বিআরটিসি/ চেয়ারম্যান, বিআরটিএ</td></tr>
<tr><td></td><td>ঙ. মোবাইল কোর্ট পরিচালনা:<br>বিআরটিএ'র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগীতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। সারাদেশে বিআরটিএ'র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক আগস্ট ২০২৫ মাসে ৫২৮৩টি মামলায় ১,০৯,৫০,১০০/- টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়া ০৮ জন দালালকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ১৪১টি গাড়ি ডাম্পিং করা হয়েছে।</td><td>(১) বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) মোবাইল কোর্ট পরিচালনার জেলাভিত্তিক পরিসংখ্যান নিয়মিত এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ)</td></tr>
<tr><td></td><td>চ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:<br>চেয়ারম্যান,বিআরটিএ জানান, আরএফআইডি ট্যাগ ও টোল প্লাজা সিস্টেমে টেকনোলেজির কোনো সমস্যা আছে কিনা তা সমাধানের নিমিত্ত সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, এনটিএমসি এবং সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠান বিএমটিএফ লি: ও সিএনএস লি: এর কারিগরি (Technical) প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে ২৭ আগস্ট ২০২৫ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যক্রম চলমান রয়েছে। আরএফআইডি ট্যাগ ও টোল প্লাজা সিস্টেমে টেকনোলোজির কোনো সমস্যা আছে কিনা বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে দেখার জন্য ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটিকে সভায় পরামর্শ প্রদান করা হয়।</td><td>আরএফআইডি ট্যাগ ও টোল প্লাজা সিস্টেমে টেকনোলজির কোনো সমস্যা আছে কিনা তা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটিকে সরেজমিনে পরিদর্শন করে দেখতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি</td></tr>
</table>



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, ০২টি একতলা এসি বাসের ইঞ্জিনসহ চেসিস এর উপর বডি নির্মাণ তথা বাস প্রস্তুত করার লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রাংশ/মালামালের ভিত্তিতে জিএম (আইসিডব্লিউএস) প্রাক্কলন প্রেরণ করেন। প্রেরিত প্রাক্কলনটি'র বাজার দর যাচাইপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য একটি ০৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ভিত্তিতে সুপারিশকৃত প্রাক্কলন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রাক্কলন অনুমোদনের পর সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা কর্তৃক প্রয়োজনীয় যন্ত্রাংশ/মালামাল ক্রয়পূর্বক বাস প্রস্তুতের কার্যক্রম শুরু করা হবে। | প্রক্রিয়া সম্পন্ন করে গাড়ী প্রস্তুতের কার্যক্রম শুরু করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **খ. বিআরটিসি'র ৩৪০টি এসিবাস ক্রয়**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, ইতোপূর্বে Comments-5 এর বিডিং ডকুমেন্ট এর উপর ০৫টি Comments সংশোধনপূর্বক অনুমোদনের লক্ষ্যে Exim Bank of Korea বরাবর প্রেরণ করা হয়। সর্বশেষ Exim Bank of Korea কর্তৃক গত ১২/৯/২০২৫ তারিখ Comments-6 বিআরটিসি বরাবর প্রেরণ করা হয়। Comments-6 এর কিছু ইস্যু ইআরডি'র মাধ্যমে সংশোধনের প্রক্রিয়া চলমান রয়েছে। আশা করা যাচ্ছে খুব শীঘ্রই দর দরপত্র আহবান করা যাবে। | সিএনজি চালিত ৩৪০টি এসি বাস ক্রয়ের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **গ. চার্জিং স্টেশন স্থাপন:**<br>বিআরটিসি'র মাধ্যমে ১০টি ইলেকট্রিক বাস সংগ্রহ ও ২টি চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে কার্যক্রম চলমান আছে। ইলেক্ট্রিক বাস আনার পূর্বে চার্জিং স্টেশন স্থাপনের বিষয়টি নিশ্চিত হওয়া প্রয়োজন। বাসস্ট্যান্ড, বিশ্রামাগার ও গুরুত্বপূর্ণ পেট্রোল পাম্পের সাথে চার্জিং স্টেশন স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের সার্বিক সহযোগিতা ও মতামত নেয়া প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। | (২) বাসস্ট্যান্ড, বিশ্রামাগার ও গুরুত্বপূর্ণ পেট্রোলপাম্পের সাথে চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে<br>(২) এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের সার্বিক সহযোগিতা ও মতামত গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (পিপিপি ও সমন্বয়) |
| | **ঘ. বিআরটিসি'র স্মার্ট স্কুল বাস সার্ভিস**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, চট্টগ্রাম শহরে চলাচলরত স্মার্ট স্কুল বাস সার্ভিস পরিচালনা বাবদ জেলা প্রশাসনের কাছে প্রায় ৪০ লক্ষ টাকা বকেয়া রয়েছে। বকেয়া টাকা আদায় না হলে বিআরটিসি'র পক্ষে স্মার্ট স্কুল বাস সার্ভিস পরিচালনা সম্ভব হবেনা। এ বিষয়ে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর সাথে যোগাযোগ অব্যাবহ আছে। | স্মার্ট স্কুল বাস সার্ভিস পরিচালনা বাবদ বকেয়া ৪০ লক্ষ টাকা আদায়ে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর সাথে যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **ঙ. বিআরটিসি'র প্রকল্প গ্রহণ:**<br>বিআরটিসিতে গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ সংক্রান্ত কয়েকটি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্পের হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন:**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে গত ১৭.০৮.২০২৫ তারিখ Special Purpose Company (SPC) গঠন বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। SPC গঠনের যৌক্তিকতা রয়েছে কিনা বিষয়টি যাচাই করে দেখার জন্য সভায় আলোচনা হয়। | Special Purpose Company (SPC) গঠনের যোক্তিকতা অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) যাচাই করে দেখবেন এবং মতামত উপস্থাপন করবেন। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>উপসচিব (ডিটিসিএ) জানান, গত ২৯/০৭/২০২৫ তারিখে সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগে অতিরিক্ত সচিব (আরবান ও ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক ডিটিসিএ হতে সংশোধিত প্রস্তাব পাওয়া যায়নি। | সংশোধিত খসড়া বিধিমালা দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (ডিটিসিএ) |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল জানান, ডিএমটিসিএল হতে জানানো হয়েছে, মেট্রোরেলে QR কোডযুক্ত কাগজের টিকিট চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। The Universal Ticketing System (UTS) for Single Journey on Dhaka Metro Rail Line-6 বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬/০৫/২০২৫ তারিখ পত্রিকার মাধ্যমে উন্মুক্ত দরপত্র দাখিলের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। গত ২৫/০৬/২০২৫ তারিখে বিজ্ঞপ্তির মাধ্যমে আগ্রহী প্রতিষ্ঠানের দরপত্র ক্রয়ের সময়সীমা ২৯/০৬/২০২৫ তারিখের পরিবর্তে ২০/০৭/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। দরপত্র সমূহের কারিগরি মূল্যায়নের শেষে গত ০৪/০৯/২০২৫ তারিখ হতে আর্থিক | QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট চালুর বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | মূল্যায়নের কাজ চলমান আছে। QR কোডযুক্ত কাগজের সিঙ্গেল জার্নি টিকেট ছাড়াও এ পদ্ধতিতে ডেবিট ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল কোম্পানী (বিকাশ, রকেট) এর ব্যবহারের মাধ্যমে সিঙ্গেল জার্নি টিকেট ক্রয়ের সুবিধা চালুর কার্যক্রম অব্যাহত রয়েছে। | | |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>ঢাকা বিআরটি হতে জানানো হয়েছে, বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব অনুযায়ী এয়ারপোর্ট স্টেশন এলাকার বিকল্প হিসেবে নবমুপা এলাকায় এয়ারপোর্ট ৩য় টার্মিনাল-এর বিপরীতে এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প-এর নিচের পিয়ার-৪ হতে পিয়ার-১১ পর্যন্ত জায়গার সার্ভে করে পার্কিং লে-আউট প্রস্তুত ও ভেহিক্যাল ট্র্যাকিং সফটওয়্যারের মাধ্যমে বাস টার্নিং-এর পরিবীক্ষণ কাজ সম্পন্ন হয়েছে।<br>বাস টার্নিং ও এন্ট্রি-এক্সিট প্ল্যান কার্যকর হলে উক্ত জায়গার জন্য অন্যান্য দপ্তর/ সংস্থার কাছ থেকে রাইট অব ওয়ে চাওয়া হবে। তবে বিমানবন্দর স্টেশন এর পাশের সওজ এর অধিগৃহীত জায়গাটি টার্মিনালের জন্য উপযোগী মর্মে 'ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটি'-কে অবহিত করা হয়েছে। একই সাথে সওজ এর অধিগৃহীত ১২০৩ নং দাগের অবশিষ্ট জায়গারও সার্ভে করে একটি পার্কিং লে-আউট প্রস্তুত করা হয়েছে। | বিআরটি বাস টার্মিনালের জায়গা পেতে 'ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটি' ও রেলপথ মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে দ্রুত বাস টার্মিনালের জায়গা নির্ধারণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **খ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, বিআরটি প্রদত্ত ব্যয় বিভাজনটি পর্যালোচনা সংক্রান্ত একটি সভা বিআরটি এর পরিচালক (অর্থ ও হিসাব) এর সভাপতিত্বে ৩০/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার আলোচনা মোতাবেক বিআরটিসি KPI সমূহ বিবেচনা করে একটি সংশোধিত প্রস্তাব প্রেরণ করবেন। | বিআরটিসি'র সাথে আলোচনা করে MoU চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| | **গ. বিআরটিএ করিডোরে টোল আদায়:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান, ০২.০১.২০২৫ তারিখে অনুষ্ঠিত টোল চালুকরণ সংক্রান্ত সভায় বিআরটি করিডোরে ১০০ টাকা হারে টোল চালুর বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ১৪.০৬.২০২৫ তারিখে তা ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট পিএলসি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। বিআরটি করিডোরে মেটাল ফেন্সিং স্থাপন ও সুষ্ঠু ট্র্যাফিক ব্যবস্থাপনা প্রণয়নের জন্য DMP এবং GMP এর সহিত সমন্বয় সাধন এবং টোল আদায় কার্যক্রম সম্পর্কে জনগণ কে অবহিত করার জন্য প্রচার-প্রচারণার অনুরোধ জানিয়ে প্রধান প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তরকে ০৭ জুলাই, ২০২৫ ও ২৩ জুলাই ২০২৫ তারিখে একটি পত্র প্রেরণ করা হয়েছে। | বিআরটি করিডোরে গাড়ী চলাচল এবং টোল আদায়ের বিষয়ে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও গাজীপুর মেট্রোপলিটন পুলিশসহ সংশ্লিষ্টদের সাথে আলোচনা/সভা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/উপসচিব (টোল ও এক্সেল) |
| ১০ | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grivance Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, আগস্ট ২০২৫ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ৩৮টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ৫টিসহ মোট ৪৩টি অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। আগামী সভায় সংস্থাভিত্তিক তথ্য উপস্থাপনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) সংস্থাভিত্তিক জিআরএস এর তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **খ. Public Service Innovation:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বিআরটিএ'র যাবতীয় ফি, টোল ফি এবং জরিমানার ফি অটোমেটিক আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করার ধারণাটি বাস্তবায়ন বিষয়ে গত ১৭.০৮.২০২৫ তারিখে ০৮ (আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, তিনি এ কমিটিতে অন্তর্ভুক্ত আছেন। কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছেন। প্রথম পর্যায়ে নতুন গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করা হবে। | বিভিন্ন ফি আদায়ের লক্ষ্যে গাড়ী রেজিস্ট্রেশনকালীন মালিকের ব্যাংক একাউন্ট ইন্টিগ্রেট করার ধারণাটি বাস্তবায়ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/চীফ ইনোভেশন অফিসার/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | **ক. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>আসফিয়া সুলতানা, উপসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরে ইন্টার্নশীপ প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে এ বিভাগ ও দপ্তর/সংস্থায় ইন্টার্ন নিয়োগের কার্যক্রম শীঘ্রই শুরু হবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে শীঘ্রই একটি সভা আয়োজন করা হবে। | (১) ২০২৫-২০২৬ অর্থবছরে দপ্তর/সংস্থায় এবং এ বিভাগে ইন্টার্ন নিয়োগের কার্যক্রম শুরু করতে হবে।<br>(২) ইন্টার্ন নিয়োগের বিষয়ে দ্রুত সভা আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/, উপসচিব (প্রশিক্ষণ)/ইন্টার্নশীপ মনোনয়ন ও আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | **ঘ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>(১) ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী এ বিভাগের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার সংযোজন/বিয়োজন করে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। বিআরটিসি ও সওজ অধিদপ্তর হতে সংশোধিত ক্যালেন্ডার পাওয়া গিয়েছে। যে সকল দপ্তর/সংস্থা সংশোধিত প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রেরণ করেনি তাদেরকে আগামী ২ দিনের মধ্যে সংশোধিত প্রশিক্ষণ ক্যালেন্ডার এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, দপ্তর/সংস্থায় প্রতি মাসে আয়োজিত অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) ডিএমটিসিএল টেকনিক্যাল কর্মকর্তা/কর্মচারীদের দেশে/বিদেশে কি ধরণের এবং কত জনকে দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার তথ্য এ বিভাগকে অবহিত এবং আগামী সভায় উপস্থাপনের জন্য ডিএমটিসিএল'র প্রতিনিধিকে সভায় নির্দেশনা দেয়া হয়।<br>(৩) যুগ্মসচিব, পরিকল্পনা ও কার্যক্রম এবং জিপিএমএস বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তা জানান সরকার APA'র পরিবর্তে সরকারি কর্মসম্পাদন পরীবিক্ষণ পদ্ধতি (GPMS) চালু করতে যাচ্ছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ সকল মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে সভা করেছে। জিপিএমএস-এ ডিজিটাইজেশনের ব্যবহার বেশী। মন্ত্রণালয়ের এবং দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা দেয়া হয়েছে। ইতোমধ্যে প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রশিক্ষণ শাখায় পত্র দেয়া হয়েছে। এছাড়া, GPMS এ ডি-নথি ব্যবহারের উপর গুরুত্ব দেয়া হয়েছে। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি ব্যবহার বিষয়ে দ্রুত প্রশিক্ষণ আয়োজনের জন্য উপসচিব (প্রশিক্ষণ) ও সিনিয়র সিস্টেম এনালিস্টকে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | (১) (ক) বিআরটিএ, ডিটিসিএ, ঢাকা বিআরটি ও ডিএমটিসিএলকে আগামী ২ দিনের মধ্যে সংশোধিত প্রশিক্ষণ ক্যালেন্ডার এ বিভাগে প্রেরণ করবে।<br>(১) (খ) দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার সংযোজন/ বিয়োজন হয়ে এ বিভাগে ফেরৎ আসা মাত্র দ্রুত অনুমোদনের ব্যবস্থা করতে হবে।<br>(১) (গ) দপ্তর/সংস্থায় প্রতি মাসে আয়োজিত অভ্যন্তরীণ প্রশিক্ষণের তথ্য সভায় উপস্থাপন করবেন।<br>(২) ডিএমটিসিএল টেকনিক্যাল কর্মকর্তা/ কর্মচারীদের দেশে ও বিদেশে কি ধরণের এবং কত জনকে দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার তথ্য এ বিভাগকে অবহিত করতে হবে।<br>(৩) (ক) সরকারি কর্মসম্পাদন পরীবিক্ষণ পদ্ধতি (GPMS) এর উপর এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>(৩)(খ) ডি-নথি ব্যবহার বিষয়ে এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশিক্ষণ)/এ বিভাগের সকল কর্মকর্তা |
| | **গ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রকৌশল বিষয়ে লেখা পড়া করা তরুণ শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে নির্দেশিকা সওজ অধিদপ্তর কর্তৃক বাংলায় প্রণয়ন করা হয়েছে এবং নির্দেশিকাটি পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করার লক্ষ্যে জনাব নিখীল কুমার দাস অতিরিক্ত সচিবকে আহবায়ক করে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।<br>(২) বিআরটিসি হতে জানানা হয়েছে, সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুরে ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর ১৯ জন এবং সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট এর ১৫ জন শিক্ষার্থীর ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ০২/০৯/২০২৫ তারিখ হতে চলমান রয়েছে। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর ০৫ (পাঁচ) জন ও ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট এর ৪৪ জন ছাত্র-ছাত্রীর শিল্প কারখানায় ১২ সপ্তাহব্যাপী বাস্তব প্রশিক্ষণ ০২/০৯/২০২৫ তারিখ হতে তেজগাঁওস্থ বিআরটিসি কেন্দ্রীয় মেরামত কারখানায় চলমান রয়েছে।<br>(৩) ডিটিসিএ হতে জানানো হয়েছে, ২৮/৮/২০২৫ তারিখ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের (ডিটিসিএ) কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে ঢাকা শহরের ৮টি প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রায় ৬০ জন ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে "A Road to Modern Transport: Role of DTCA" শীর্ষক বিশেষ লার্নিং অনুষ্ঠিত হয়েছে। | (১) কমিটিকে নির্দেশিকা পর্যালোচনা করে চূড়ান্ত করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতিকরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (সম্পত্তি)/ প্রধান প্রকৌশলী, সওজ |

| আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **ঘ. সওজ অধিদপ্তরে ইলেকট্রিক্যাল বিভাগ চালু:**<br>সওজ গেজেটেড সংস্থাপন-১ শাখা জানান, গত ৭.০৯.২০২৫ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে সৃজনকৃত পদের খসড়া নিয়োগ বিধি পর্যালোচনা সভায় আলোচনা হয়েছে। অতি দ্রুত সওজ অধিদপ্তর প্রস্তাব প্রেরণ করবে। | ০৭.০৯.২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনরায় ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| **ঙ. সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>জনসাধারণ উপকৃত হতে পারে বা সমাজে ইতিবাচক প্রভাব পড়তে পারে সওজ অধিদপ্তরের এমন একটি কাজ বা সিস্টেমকে সংস্কার করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জনসাধারণ উপকৃত হতে পারে বা সমাজে ইতিবাচক প্রভাব পড়তে পারে সওজ অধিদপ্তরের এমন একটি কাজ বা সিস্টেমকে সংস্কারের আওতায় আনতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সংস্কার প্রস্তাব বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| **চ. সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ:**<br>উপসচিব (সমন্বয়) জানান, Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ প্রত্যেকটি কার্যালয়ের সাংগঠনিক কাঠামো হালনাগাদ করার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডি.ওপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের প্রশাসন শাখা ও আওতাধীন দপ্তর/সংস্থায় গত ০৪.০৯.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে। এ বিভাগসহ দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদ করার জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন। | Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদ করতে হবে। | দপ্তর সংস্থা প্রধান (সকল)/অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| **ছ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে পরিকল্পনা গ্রহণে উপদেষ্টা মহোদয়ের পরামর্শ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী দ্রুত পরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

০৩। আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: এহছানুল হক
সিনিয়র সচিব



CamScanner

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২২ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫-৩৭৬

তারিখঃ ০৪ কার্তিক ১৪৩২
২০ অক্টোবর ২০২৫

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

২০.১০.২৫
হাবিবুল হাসান রুমি
উপসচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd



CS CamScanner